

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ : ১২ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.১৬২.১৬/৭২৩—যেহেতু, আপনি জনাব মোঃ কলি উদ্দিন মল্লিক, কাউন্সিলর, মিরপুর পৌরসভা, কুষ্টিয়া পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে কুষ্টিয়া জেলার মিরপুর থানার ১৪-০৮-২০১১ তারিখের ০৮ নং মামলায় এজাহারে বর্ণিত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারা এবং ১৯৪৭ সনের ২ নম্বর দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় চার্জশিট নম্বর-৪৯, তারিখ ২৭-০৩-২০১৪ বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে। যা বিজ্ঞ আদালত কর্তৃক আমলে গ্রহণ করা হয়েছে।

যেহেতু, আপনার বিরুদ্ধে ফৌজদারী মামলার অভিযোগপত্র বিজ্ঞ বিচারিক আদালত কর্তৃক গৃহীত হয়েছে, সেক্ষেত্রে তার ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থ পরিপন্থি/প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়; সেহেতু, সরকার তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারা অনুযায়ী কুষ্টিয়া জেলার মিরপুর পৌরসভার কাউন্সিলর, জনাব মোঃ কলি উদ্দিন মল্লিককে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. কে. এম. আনিছুল্লাহমান

সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১২৮৯৫)

মূল্য : টাকা ৪.০০